# জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

স্মারক নং-৩২(০২৭)জাতীঃবিঃ/শাঃশিঃওসংস্কৃতি/আন্তঃকলেজ/২০২০/ ২০৭৭

তারিখ: ২২ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
০৬ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

### আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতা-২০২৬ (বিভাগীয় পর্যায়)

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সম্মানিত অধ্যক্ষবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতা-২০২৬ এর জেলা পর্যায়ের প্রতিযোগিতা ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতা আগস্ট ২০২৬ এর ৩য় সপ্তাহে শুরু করার কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

২) প্রতিযোগিতা অনুষ্ঠানের নিয়মাবলী, তারিখ ও ভেন্যু নিম্নে উল্লেখ করা হলো।

**ঙ. নিবন্ধন কার্যক্রম : ০৯ জুলাই ২০২৬ থেকে ৩০ জুলাই ২০২৬ পর্যন্ত**
(শুধুমাত্র বিভাগীয় প্রতিযোগিতায় অংশগ্রহণকারী কলেজের শিক্ষক প্রতিনিধিদের জন্য)

**চ. বিকাশ নম্বর সংশোধন কার্যক্রম : ০৯ জুলাই ২০২৬ থেকে ৩০ জুলাই ২০২৬ পর্যন্ত**
(জেলা পর্যায়ে যে সকল প্রতিযোগী **নিজ নামের নিবন্ধনকৃত বিকাশ নম্বর** সংযুক্ত করেননি, সে সকল প্রতিযোগীদের বিকাশ নম্বর সংশোধনের জন্য অধ্যক্ষ মহাদয়ের মাধ্যমে পরিচালক, শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তর বরাবর (phy.edu.nu@gmail.com) ই-মেইল করতে হবে। অন্যথায় কোন প্রকার ভাতা প্রদান করা সম্ভব হবে না)

**ছ. প্রতিযোগিতার তারিখ : ২৩ আগস্ট ২০২৬ থেকে ১০ অক্টোবর ২০২৬ পর্যন্ত (সংশ্লিষ্ট ভেন্যু কলেজ কর্তৃক নির্ধারিত)**

**জ. জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণের তারিখ ও সময় পরবর্তীতে জানানো হবে।**

২) বিভাগীয় ও জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় প্রতিযোগীদের নিয়ে অংশগ্রহণের নিমিত্তে অধিভুক্ত কলেজসমূহের শুধুমাত্র শিক্ষক প্রতিনিধিদের সকল তথ্য কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয় এর ওয়েবসাইটে (sports.nu.ac.bd) গিয়ে College Login (পাসওয়ার্ড collegeportal.nu.ac.bd নোটিফিকেশন লিংকে পাওয়া যাবে) করে College Entry লিংক-এ প্রবেশপূর্বক অনলাইন ফরম পূরণ করতে হবে (ওয়েব সাইটে তথ্য পূরণে যে কোন সমস্যায় মোঃ মনিরুল ইসলাম, সিনিয়র প্রোগ্রামার, মোবাইল ০১৯১১১৪১১২৭ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো)।

৩) নির্দেশনাসমূহ:

**ঞ) প্রতি ১৬ জন প্রতিযোগীর জন্য ০১ জন শিক্ষক প্রতিনিধি এবং তদূর্ধ প্রতিযোগীর জন্য সর্বোচ্চ ০২ জন শিক্ষক প্রতিনিধি নিবন্ধন করতে পারবেন এবং পরবর্তীতে প্রতিযোগিতায় একই শিক্ষক প্রতিনিধির দায়িত্ব পালন করবেন।**

ট) *জরুরী প্রয়োজনে জনাব মোঃ ইব্রাহীম খলীল, অতিরিক্ত পরিচালক, শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (মোবাইল: ০১৯৫৩৬৯৫৩৫৭) এবং জনাব আব্দুল্লাহ আল মামুন, সহকারী পরিচালক (শারীরিক শিক্ষা), শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (মোবাইল : ০১৭১৩৬৭১৫৫২) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।*

ঠ) ক্রীড়া প্রতিযোগিতা পরিচালনার নিমিত্তে সংশ্লিষ্ট কলেজে কর্মরত শরীরচর্চা/ক্রীড়া শিক্ষককে ক্রীড়া কমিটিতে অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে।

ড) ক্রীড়া প্রতিযোগিতায় ইভেন্ট-ভিত্তিক বিজয়ী প্রতিযোগী নির্বাচনের জন্য সংশ্লিষ্ট ভেন্যু কলেজের অধ্যক্ষ কর্তৃক মনোনীত ০১ (এক) জন, বিভাগীয় ক্রীড়া সংস্থা কর্তৃক মনোনীত ০১ (এক) জন এবং ভেন্যু কলেজ ব্যতীত অন্য যেকোন কলেজ হতে মনোনীত ০১ (এক) জন সদস্যকে নিয়ে মোট ০৩ (তিন) সদস্য বিশিষ্ট বিচারক প্যানেল গঠিত হবে। এক্ষেত্রে কলেজ অধ্যক্ষ সংশ্লিষ্ট জেলা ক্রীড়া কর্মকর্তার সহযোগিতা ও পরামর্শ গ্রহণ করতে পারেন।

ঢ) বিভাগীয় পর্যায়ে প্রতিটি ইভেন্টে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারী প্রতিযোগী/দলকে সনদপত্র ও পুরস্কার (মেডেল) প্রদান করা হবে এবং প্রতিটি ইভেন্টে প্রথম স্থান অর্জনকারী প্রতিযোগী/দল জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

ণ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কেন্দ্রের পরিচালকগণ স্ব স্ব বিভাগে আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতা-২০২৬ এর কার্যক্রম সমন্বয় করবেন। শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তরের পরিচালক প্রধান সমন্বয়ক হিসাবে দায়িত্ব পালন করবেন।

ত) পরিচালক, আঞ্চলিক কেন্দ্র সমন্বয় দপ্তর, বিভাগ-ভিত্তিক প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত কাজে আঞ্চলিক কেন্দ্রের মাধ্যমে সমন্বয়কের দায়িত্ব পালন করবেন।

অআ) স্পোর্টস বোর্ডের সম্মানিত সদস্যগণ এবং বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তরের কর্মকর্তাগণ বিভাগীয় এবং জাতীয় পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতা পরিচালনায় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি হিসেবে ভেন্যুতে উপস্থিত থেকে সার্বিক বিষয় পর্যবেক্ষণসহ পুরস্কার বিতরণ কার্যক্রমে অংশগ্রহণ করবেন।

ইই) আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতা-২০২৬ পরিচালনার ক্ষেত্রে কোনো বিষয়ে সমস্যা পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ অথবা তাঁর মনোনীত প্রতিনিধি বিশ্ববিদ্যালয়ের পরিচালক, শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তর এর সাথে যোগাযোগ ও পরামর্শক্রমে ব্যবস্থা গ্রহণ করবেন।

৭) বিভাগীয় পর্যায়ের আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতা-২০২৬ নিম্নবর্ণিত ৮টি কলেজ ভেন্যুতে অনুষ্ঠিত হবে (ভেন্যু কলেজের অধ্যক্ষ মহাদয়গণ প্রতিযোগিতার সম্ভাব্য তারিখ নির্ধারণপূর্বক পরিচালক, শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তরের ই-মেইলে phy.edu.nu@gmail.com অবহিত করবেন)।

| | বিভাগীয় ভেন্যু কলেজের নাম | সম্ভাব্য তারিখ (আলোচনা সাপেক্ষে) |
|---|---|---|
| ১. | ঢাকা বিভাগ- সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ঢাকা | ২৩ আগস্ট ২০২৬ থেকে ১০ অক্টোবর ২০২৬ পর্যন্ত |
| ২. | চট্টগ্রাম বিভাগ- ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ | ২৩ আগস্ট ২০২৬ থেকে ১০ অক্টোবর ২০২৬ পর্যন্ত |
| ৩. | রাজশাহী বিভাগ- সরকারি শারীরিক শিক্ষা কলেজ, রাজশাহী | ২৩ আগস্ট ২০২৬ থেকে ১০ অক্টোবর ২০২৬ পর্যন্ত |
| ৪. | খুলনা বিভাগ- সরকারি ব্রজলাল কলেজ, খুলনা | ২৩ আগস্ট ২০২৬ থেকে ১০ অক্টোবর ২০২৬ পর্যন্ত |
| ৫. | সিলেট বিভাগ- সরকারি মুরারিচাঁদ কলেজ, সিলেট | ২৩ আগস্ট ২০২৬ থেকে ১০ অক্টোবর ২০২৬ পর্যন্ত |
| ৬. | বরিশাল বিভাগ- সরকারি শারীরিক শিক্ষা কলেজ, বরিশাল | ২৩ আগস্ট ২০২৬ থেকে ১০ অক্টোবর ২০২৬ পর্যন্ত |
| ৭. | রংপুর বিভাগ- দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর | ২৩ আগস্ট ২০২৬ থেকে ১০ অক্টোবর ২০২৬ পর্যন্ত |
| ৮. | ময়মনসিংহ বিভাগ- সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ময়মনসিংহ | ২৩ আগস্ট ২০২৬ থেকে ১০ অক্টোবর ২০২৬ পর্যন্ত |

***বিঃদ্রঃ কোন কারণবশত: বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতার তারিখ ও ভেন্যু পরিবর্তনের প্রয়োজন হলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তারিখ ও বিকল্প ভেন্যু নির্ধারণ করে সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে।***

৮) বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতার ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে :

ক. বিভাগীয় পর্যায়ে প্রতিযোগী হিসেবে অংশগ্রহণের জন্য স্নাতক ১ম বর্ষে অধ্যয়নরত সকল ছাত্র-ছাত্রীকে অবশ্যই কলেজের মূল আইডি কার্ড ও অধ্যক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র সঙ্গে নিয়ে আসতে হবে।

খ. শুধুমাত্র জেলা পর্যায়ের অংশগ্রহণকারী রেজিস্টার্ড প্রতিযোগীগণ বিভাগীয় ও জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

গ. বিভাগীয় ও জাতীয় পর্যায়ে অংশগ্রহণকারী প্রতিযোগী ও শিক্ষক/প্রতিনিধিগণের যাতায়াত ও অন্যান্য খরচ বাবদ সম্মানী তাদের স্ব স্ব বিকাশ নম্বরে প্রদান করা হবে। কোন প্রকার নগদ লেনদেন করা হবে না।

ঘ. বিভাগীয় ভেন্যুর অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ইভেন্ট-ভিত্তিক প্রতিযোগিতা সম্পন্ন হওয়ার পর ০৫ (পাঁচ) কর্ম দিবসের মধ্যে প্রতিটি ইভেন্টে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারী ছাত্র-ছাত্রী/দলের ফলাফল ওয়েবসাইটে আপলোড করবেন।

ঙ. বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতার ব্যানার ও প্রতিযোগিতা চলাকালীন সময়ের (প্রতিটি ইভেন্টের) ৫/৭ টি করে (3R/4R) ছবি পরবর্তী ০৫ (পাঁচ) কর্ম দিবসের মধ্যে অবশ্যই অনলাইন পোর্টালে আপলোড করবেন।

**জ. জাতীয় মাদকবিরোধী কমিটির ৬ষ্ঠ সভার সিদ্ধান্ত মোতাবেক ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণের পূর্বশর্ত হিসেবে প্রতিযোগিতার পূর্বে প্রতিযোগীদের মাদকবিরোধী শপথ বাক্য পাঠ করাতে হবে।**

ঝ. প্রতিযোগিতা পরিচালনার সকল ক্ষেত্রে আন্তর্জাতিক/জাতীয়/ক্রীড়া ফেডারেশন-এর আইন ও বিধিবিধান অনুসরণ করতে হবে।

**৯) বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতা আয়োজনের জন্য আর্থিক বরাদ্দ গ্রহণের নিমিত্তে ভেন্যু কলেজসমূহ তাদের স্ব স্ব ব্যাংক হিসাবের বিস্তারিত তথ্য https://sports.nu.ac.bd-এ গিয়ে College Login করার পর College Bank Details লিংকের মাধ্যমে নিম্নোক্ত ফরমেটে ৩০ জুলাই ২০২৬ তারিখের মধ্যে প্রেরণ করবেন।**

| College Name | Bank Name (In English) | Online Full Bank Account Number (In English) | Account Name (College Account) | Branch Name (In English) | Branch Code (In English) | Routing Number (In English) |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

উল্লিখিত নীতিমালা ও সিডিউল অনুযায়ী আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতা-২০২৬ (বিভাগীয় পর্যায়) সুষ্ঠু ও যথাযথভাবে আয়োজন করার জন্য আপনার/আপনাদের সার্বিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

**(মোহাম্মদ শফিউল করিম)**
পরিচালক
শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়
ফোন: ০২৯৯৬৬৯১৫৫৪
ই-মেইল: phy.edu.nu@gmail.com

QR Code Scan করে রেজিস্ট্রেশন করুন।

স্মারক নং-৩২(০২৭)জাতীঃবিঃ/শাঃশিঃওসংস্কৃতি/আন্তঃকলেজ/২০২০/

তারিখ: ২২ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
০৬ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১৪. অধ্যক্ষ, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সংশ্লিষ্ট কলেজ
১৫. পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৬. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৭. পরিচালক, পরিবহন দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৮. পরিচালক, জনসংযোগ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৯. পরিচালক, আঞ্চলিক কেন্দ্র সমন্বয় দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
২০. পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়
২১. অতিরিক্ত রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
২২. অতিরিক্ত রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
২৩. উপ-রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
২৪. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
২৫. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
২৬. অফিস কপি।

**(মোঃ ইব্রাহীম খলীল)**
অতিরিক্ত পরিচালক
শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়